# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 20-04-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুর্শিদাবাদের পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন।

জাতীয় মহিলা কমিশন ও মানবাধিকার কমিশনের সদস্যরা সাক্ষাত্ করেছেন হিংসায় ক্ষতিগ্রস্তদের সঙ্গে।

২) সংশোধিত ওয়াকফ আইন নিয়ে রাজ্যে সাম্প্রতিক হিংসার জন্য বিজেপি ও আরএসএস-কে দায়ী করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৩) মুর্শিদাবাদে হিংসায় ক্ষতিগ্রস্ত বাড়িগুলি দ্রুত তৈরি করে দিতে মুখ্য সচিব মনোজ পন্থ প্রশাসনকে নির্দেশ দিয়েছেন।

৪) বিভিন্ন কেন্দ্রীয় নীতির প্রতিবাদ ও রাজ্যে অপশাসনের অভিযোগ তুলে আজ ব্রিগেড সমাবেশের ডাক দিয়েছে বেশ কয়েকটি বাম সংগঠন।

৫) রাজ্যের নদী-খাল সহ জল সম্পদ পরিকাঠামো উন্নয়নে সুষ্ঠু পরিকল্পনা তৈরির জন্য সেচ দপ্তর বিস্তারিত সমীক্ষা চালাবে।

৬) সুপার কাপ ফুটবলে ইস্টবেঙ্গল আজ কেরল ব্লাস্টার্সের মুখোমুখি হচ্ছে।

---

মুর্শিদাবাদের পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন। গতকাল মুর্শিদাবাদের হিংসাদীর্ণ বিভিন্ন এলাকা পরিদর্শন করে কলকাতায় ফেরার আগে সাংবাদিকদের কাছে রাজ্যপাল বলেন, সাধারণ মানুষের উপর যে হামলা হয়েছে তা বর্বরোচিত। রাজ্যপাল হিসাবে তিনি যথাযথ জায়গায় তাঁর রিপোর্ট জমা দেবেন।

**বাইট**

রাজ্যপাল জাফরাবাদে হিংসার শিকার, নিহত বাবা ও ছেলে হরগোবিন্দ দাস এবং চন্দন দাসের বাড়িতে যান। তাঁর কাছে সাহায্যের আর্জি জানান মৃতদের পরিবারের সদস্যরা। কেন্দ্রীয় বাহিনী চলে গেলে তাদের উপর আক্রমণের হুমকি দেওয়া হচ্ছে বলেও স্থানীয় বাসিন্দারা রাজ্যপালের কাছে অভিযোগ করেন। বেতবোনা গ্রামে গিয়ে নিপীড়িতদের সঙ্গে কথা বলেন ডঃ সিভি আনন্দ বোস। শোনেন তাদের অভাব অভিযোগের কথাও।

অন্যদিকে, জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন বিজয়া কিশোর রাহাতকারের নেতৃত্বে ৫ সদস্যের প্রতিনিধি দল সামশেরগঞ্জের হিংসা কবলিত এলাকাগুলিতে যান। ক্ষতিগ্রস্ত বাড়ি ঘর ঘুরে দেখেন তারা। গ্রামের মহিলা সহ অন্যান্যরা কমিশনের সদস্যদের দেখেই কান্নায় ভেঙে পড়েন। জাফরাবাদে নিহত বাবা ও ছেলের বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের সঙ্গেও কথা বলেন জাতীয় মহিলা কমিশনের সদস্যরা। স্থানীয়ভাবে কেন্দ্রীয় বাহিনীর স্থায়ী ক্যাম্প নির্মাণের অনুরোধ জানান তাঁরা।

জাতীয় মানবাধিকার কমিশনের সদস্যরাও গতকাল মুর্শিদাবাদে হিংসা কবলিত এলাকা ঘুরে দেখেছেন। কমিশনের সদস্য বিজয়া ভারতী সাংবাদিকদের বলেন, এই ঘটনায় মানবাধিকার লঙ্ঘন হয়েছে।

**বাইট**

হিংসা কবলিত এলাকার বাসিন্দারা ধীরে ধীরে গ্রামে ফিরতে শুরু করলেও আতঙ্কের ছাপ এখনো স্পষ্ট। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট – মামুন)

---------------------

সংশোধিত ওয়াকফ আইন নিয়ে রাজ্যে সাম্প্রতিক হিংসার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিজেপি ও RSS কে দায়ী করেছেন। বাংলায় শান্তি ফেরানোর আর্জি জানিয়ে লেখা এক খোলা চিঠিতে মুখ্যমন্ত্রী বলেছেন, আইনশৃঙ্খলা রক্ষার স্বার্থে কঠোর ব্যবস্থা নিয়েছে তাঁর সরকার। তিনি লিখেছেন, পশ্চিমবঙ্গে হঠাৎ করে বিজেপি এবং তার সঙ্গীরা আক্রমণাত্মক হয়েছে, মিথ্যার প্রচার চলছে। সাম্প্রদায়িক অশান্তি রুখতে রাজ্য সরকার সম্ভাব্য সব রকমের পদক্ষেপ করবে বলেও জানিয়েছেন তিনি। রামনবমীর দিনে অশান্তির পরিকল্পনা করা হয়েছিল বলেও মমতা তাঁর খোলা চিঠিতে অভিযোগ করেন। মুখ্যমন্ত্রী জানান, সংশোধিত ওয়াকফ আইন এর প্রতিবাদে অশান্তির ঘটনায় প্রশাসন দু'জন পুলিশ অফিসারকে সরিয়ে দিয়েছে। গোটা ঘটনার তদন্ত করে উপযুক্ত পদক্ষেপ গ্রহণেরও আশ্বাস দিয়েছেন তিনি। চিঠিতে মুখ্যমন্ত্রী উত্তরপ্রদেশ, রাজস্থান, বিহার, মণিপুরের অশান্তির প্রসঙ্গও উল্লেখ করে সকলকে সংযত থাকার আহ্বান জানান।

পশ্চিমবঙ্গে মানবাধিকার ভুলণ্ঠিত হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য মুখপাত্র সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেন, রাজ্যে আইনের শাসন নেই।

বাইট

--------------------

সরকার ও প্রশাসনের প্রচ্ছন্ন সহযোগিতায় মৌলবাদীরা, ওয়াকফ আইনের বিরোধিতার অজুহাতে হিন্দুদের নির্মূল করতে উদ্যত হয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। মুর্শিদাবাদের সীমান্তবর্তী গ্রামগুলিতে গ্রামরক্ষী কমিটি গড়ে তোলারও দাবি জানানো হয়েছে। আক্রান্তদের আর্থিকভাবে সাহায্য করারও আর্জি জানিয়েছেন বিরোধী দলনেতা।

--------------------

মুর্শিদাবাদে সাম্প্রতিক ঘটনার পরিপ্রেক্ষিতে বাংলার বাড়ি প্রকল্পের আওতায় ক্ষতিগ্রস্ত বাড়িগুলি দ্রুত তৈরি করে দিতে মুখ্যসচিব মনোজ পন্থ নির্দেশ দিয়েছেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগেই ক্ষতিগ্রস্তদের বাড়ি তৈরি করে দেওয়ার কথা ঘোষণা করেছিলেন। এরই সঙ্গে বাংলার বাড়ির প্রকল্পের কাজ কতটা এগিয়েছে, তা খতিয়ে দেখে জেলা শাসকদের দ্রুত রিপোর্ট জমা দিতে বলেছেন মুখ্যসচিব। বর্ষার মরশুমের আগে ১২টি দপ্তরের সঙ্গে গতকাল জরুরি বৈঠক করেছেন মুখ্যসচিব মনোজ পন্থ। প্রাকৃতিক দুর্যোগের পরবর্তি পর্যায়ে স্বাস্থ্য–সহ পরিস্থিতি মোকাবিলা করতে আজ নবান্নে এই বৈঠকে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন জেলাশাসক এবং অতিরিক্ত জেলাশাসকরা। বর্ষা আসার আগে ৫ই জুন থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত নবান্নে বিশেষ কন্ট্রোলরুম খোলার নির্দেশ দিয়েছেন মুখ্যসচিব। পাশাপাশি বাধগুলির স্বাস্থ্য পরীক্ষার কাজ দ্রুত শেষ করে মেরামতিও করে ফেলতে বলেছেন তিনি।

খরা প্রবণ পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে পানীয় জলের সঙ্কট ঠেকাতে বিশেষ উদ্যোগ নেওয়া হবে। এই সব এলাকায় বাড়ি বাড়ি পানীয়জল পৌঁছে দেওয়ার কাজেও গতি আনার নির্দেশ দেওয়া হয়েছে এদিনের বৈঠকে।

খোলা বাজারে জাল ওষুধ যাতে কোনওভাবেই বিক্রি না হয়, তার ওপর কড়া নজর রাখতে বয়লা হয়েছে স্বাস্থ্য দপ্তরকে। যে হাসপাতালগুলির কাজ অসম্পূর্ণ রয়েছে, সেগুলি দ্রুত শেষ করতে হবে। যে হাসপাতালগুলি তৈরি আছে, সেগুলি ব্যবহারযোগ্য রাখতে হবে।

আয় বাড়াতে সব দপ্তরকেই উদ্যোগ নিতে বলা হয়েছে। বিভিন্ন দপ্তরের অব্যবহৃত অ্যাকাউন্ট গুলিতে কত টাকা রয়েছে, আগামী ১৫ দিনের মধ্যে তা জানাতে বলা হয়েছে।

অবৈধ বালি খাদান বন্ধে কয়েকজন আধিকারিককে নিয়ে বিশেষ নজরদারী কমিটি গঠন করা হবে বলে এদিনের বৈঠকে জানিয়েছেন মুখ্যসচিব।

---------------------

কেন্দ্রীয় বিভিন্ন নীতির প্রতিবাদ এবং রাজ্যে অপশাসনের অভিযোগ তুলে আজ ব্রিগেড সমাবেশের ডাক দিয়েছে বেশ কয়েকটি বাম সংগঠন। বিকেল তিনটেয় এই সমাবেশের সূচনা হওয়ার কথা। সমাবেশে যোগ দিতে গতকাল থেকেই শিয়ালদা ও হাওড়া স্টেশন হয়ে মানুষজন কলকাতায় আসছেন। বাস, ম্যাটাডোর ও পায়ে হেঁটে বহু মানুষ ব্রিগেডমুখি। শেষ পর্যায়ের প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখতে সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম সহ নেতৃবৃন্দ গতসন্ধ্যায় ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে যান। আয়োজক সংগঠন CITU র রাজ্য সভাপতি সুভাষ মুখোপাধ্যায় বলেন, চারটি সংগঠনের পক্ষ থেকে এই প্রথম ব্রিগেড সমাবেশ করা হচ্ছে। নিজেদের জীবন জীবিকার স্বার্থে

সাধারণ মানুষ ব্রিগেডে আসবে বলে মন্তব্য করেছেন সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেমিল।

এদিকে ব্রিগেড সমাবেশের প্রেক্ষিতে শহরের যান চলাচল স্বাভাবিক রাখতে পুলিশ বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। এজন্য শহরের গুরুত্বপূর্ণ ২৪টি জায়গা বেছে নেওয়া হয়েছে। এর মধ্যে ১৩ টি জায়গায় ট্রাফিক গার্ডের একজন অতিরিক্ত অ্যাসিস্ট্যান্ট কমিশনারের নেতৃত্বে বাহিনী থাকবে।

---------------------

রাজ্যের নদী, খাল সহ জলসম্পদ পরিকাঠামো উন্নয়নে সুষ্ঠু পরিকল্পনা তৈরির জন্য সেচ দফতর বিস্তারিত সমীক্ষা চালানোর সিদ্ধান্ত নিয়েছে। কৃষি সেচে জলের সংস্থান, ব্যবস্থাপনা ও পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে এই সমীক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই প্রকল্পের আওতায় হাইড্রোগ্রাফিক, বাথিমেট্রিক ও টোপোগ্রাফিক এই তিন ধরণের সমীক্ষা চালানো হবে বলে দফতর সূত্রে জানা গিয়েছে। সার্ভে অফ ইন্ডিয়া-র নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী সমীক্ষার কাজ চলবে। প্রতিটি সমীক্ষা এলাকার জন্য দপ্তর প্রয়োজনীয় অনুমতি সংগ্রহ করবে এবং দৈনিক কাজের তদারকি করবে। ত্রৈমাসিক ভিত্তিতে কাজের অগ্রগতি মূল্যায়ন করা হবে।

---------------------

বঞ্চিত চাকরি প্রার্থীদের নবান্ন অভিযান আপাতত স্থগিত থাকছে। বঞ্চিত চাকরি প্রার্থী, চাকরিজীবী ও চাকরি হারা ঐক্যমঞ্চ আগামীকাল এই কর্মসূচীর ডাক দিয়েছিল। ঐক্যমঞ্চ সূত্রের খবর গতকাল পুলিশের শীর্ষ কর্তাদের সঙ্গে তাদের বৈঠক হয়। ঐক্যমঞ্চের দাবি-দাওয়াগুলি সরকারকে জানানোর আশ্বাস দিয়েছে তারা। শীঘ্রই তাদের

সঙ্গে মুখ্যমন্ত্রীর সাক্ষাতের ব্যবস্থা করা হবে বলে সংগঠনের পক্ষ থেকে আশা প্রকাশ করা হয়েছে। এরপরই হাওড়া ও কলকাতা পুলিশ কমিশনারকে চিঠি দিয়ে এই কর্মসূচী স্থগিত রাখার কথা জানানো হয়।

উল্লেখ্য, আগামী সোমবার মুখ্যমন্ত্রী পশ্চিম মেদিনীপুরের শালবনি যাচ্ছেন। সেখানে একাধিক কর্মসূচী রয়েছে তাঁর।

এদিকে, পার্শ্বশিক্ষক ঐক্যমঞ্চ বেতনক্রমে বঞ্চনার অভিযোগ তুলে স্কুল বয়কটের ডাক দিয়েছে। সংগঠনের যুগ্ম আহ্বায়ক ভগীরথ ঘোষ জানিয়েছেন আগামী ২১ থেকে ২৫-শে এপ্রিল পর্যন্ত তারা এই কর্মসূচী পালন করবে।

---------------------

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন শীঘ্রই মাতৃভূমি লোকালের কয়েকটি কোচে পুরুষ যাত্রীরা যাতায়াতের সুযোগ পাবেন। এবিষয়ে দ্রুত বিজ্ঞপ্তি জারি হবে বলে শিয়ালদা ডিভিশন সূত্রের খবর।

উল্লেখ্য, ১২ কোচের ইএমইউ লোকালে মহিলা কোচের সংখ্যা দুই থেকে বাড়িয়ে ৩-টি করায় এই ডিভিশনে বিভিন্ন সেকশনে যাত্রী বিক্ষোভ ও রেল অবরোধের মতো ঘটনা ঘটে।

---------------------

আজ ইস্টার। গোটা বিশ্বের সঙ্গে এরাজ্যেও যথোচিত মর্যাদায় উদযাপিত হচ্ছে ইস্টার। ক্রুস বিদ্ধ হয়ে মৃত্যুর পর এই দিনে প্রভু যীশুর পুনরাবির্ভাব হয়েছিল বলে খ্রিস্ট ধর্মাবলম্বীদের বিশ্বাস। পবিত্র ইস্টার উপলক্ষে গির্জায় গির্জায় প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে।

---------------------

নিম্নচাপ অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের প্রভাবে আজ উত্তরবঙ্গের বেশ কয়েকটি জেলায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

দক্ষিণবঙ্গের দু এক জায়গায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস। যা স্বাভাবিকের চেয়ে প্রায় ২ ডিগ্রী বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

---------------------

সুপারকাপ ফুটবল আজ ভুবনেশ্বরে শুরু হচ্ছে। গতবারের চ্যাম্পিয়ান ইস্টবেঙ্গল আজ প্রি কোয়ার্টার ফাইনাল ম্যাচে কেরল ব্লাস্টার্সের মুখেমুখি হবে। কলিঙ্গ স্টেডিয়ামে খেলা শুরু হবে রাত আটটায়। এই ম্যাচের বিজয়ী দল কোয়ার্টার ফাইনালে মোহনবাগানের বিরুদ্ধে খেলবে।

--------------------- ---------------------